

তারিখ
পৃষ্ঠা ৩২ কলাম ... ৬

ছনটেক মাদ্রাসায় অগ্নিকাণ্ড

**৫ দিনের রিমান্ডশেষে
৪ আসামিকে জেলে প্রেরণ**

আদালত প্রতিবেদক : ডেমরা ছনটেক মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডের ঘটনায় হত্যার অভিযোগে দায়ের করা মামলায় ৫ দিনের রিমান্ডশেষে শনিদুসহ ৪ জন আসামিকে জেলহাজতে পাঠানো হয়েছে। শুক্রবার ৫ দিনের রিমান্ডশেষে আসামিদের আদালতে পাঠানো হয়। আদালতে পাঠানো পুলিশ প্রতিবেদনে বলা হয়, রিমান্ডে থাকা অবস্থায় আসামিরা জিজ্ঞাসাবাদে মামলা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে। মামলার প্রাথমিক অবস্থায় আসামিদের জামিন হুয়ে গেলে মামলা সম্পর্কিত তথ্য উদঘাটন ও অন্য আসামিদের সন্ধান করা সম্ভব হবে না।

আদালতে আসামিদের পক্ষে অ্যাডভোকেট সাহারা খাতুন, আবদুল্লাহ আবু মুসলেহউদ্দিন, আবদুর রহমান হাওলাদার, অয়াত আলী পাটোয়ারী, নূর হোসেন বলাই, খোরশেদ আলম বাচ্চু, ফেরকান আহমেদ, সাইফুল ইসলাম হেলালসহ ২০/২৫ জন আইনজীবী জামিনের আবেদন করেন।

সরকারপক্ষে কোর্ট পুলিশ পরিদর্শক আবদুস সোবহান জামিনের বিরোধিতা করেন। ঢাকা সিএমএম আদালতের ম্যাজিস্ট্রেট মো. আবদুল সালাম মিয়া উভয়পক্ষের তর্কানিশেষে আসামির জামিন বাতিল করে জেলহাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন। অন্য আসামিরা হলো আবুবকর সিদ্দিক। মাদ্রাসা : পৃঃ ২ কঃ ৩

মাদ্রাসা : অগ্নিকাণ্ড

(১২ পৃষ্ঠার পর)

মোজার ও মনিরুল ইসলাম।

উল্লেখ্য, গত ১৫ মার্চ ডেমরা থানাধীন ছনটেক এলাকার মহিলা মাদ্রাসা আগুনে পুড়ে যায়। এতে মাদ্রাসার ৭ জন ছাত্রী অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। এ ব্যাপারে ১৯ জনকে আসামি করে ১৬ই মার্চ ডেমরা থানায় হত্যা মামলা দায়ের করা হয়।